# র‍্যাব বিলুপ্ত করে এসআরবি গঠনের বিল সংসদে উত্থাপন



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) বিলুপ্ত করে পুলিশের অধীনে ‘স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন’ (এসআরবি) নামে নতুন একটি বিশেষায়িত ইউনিট গঠনের প্রস্তাব জাতীয় সংসদে উত্থাপন করা হয়েছে।

বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) জাতীয় সংসদের অধিবেশনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ ‘স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) আইন-২০২৬’ শীর্ষক বিলটি সংসদে উপস্থাপন করেন।

ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত অধিবেশনে বিলটি উত্থাপনের সময় বিরোধী দলের সদস্যরা আপত্তি জানান। পরে বিলটি আরও বিস্তারিত পরীক্ষা ও পর্যালোচনার জন্য সংশ্লিষ্ট সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়।

সংসদীয় কমিটিকে বিলটি যাচাই-বাছাই করে চার কার্যদিবসের মধ্যে সংসদে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রস্তাবিত আইনটি কার্যকর হলে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন বা র‍্যাব গঠনসংক্রান্ত বর্তমানে প্রচলিত আইন ও বিধান বাতিল হয়ে যাবে। নতুন আইনের আওতায় পুলিশের অধীনে বিশেষায়িত ইউনিট হিসেবে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) গঠনের বিধান কার্যকর হবে।